

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd


নং ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৫.২০১৫-৩৮৫

তারিখ ১৭-০৬-২০১৫ খ্রিঃ

অফিস আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় সরকারী হাসপাতালসমূহে রাজস্ব বাজেটে ভারী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে অগ্রাধিকার তালিকা প্রণয়নসহ সার্বিক বিষয়ে গঠিত কমিটির সভা মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ক। চাহিদাপত্র প্রেরণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এবং যথাযথ প্রক্রিয়ায় প্রেরণ করতে হবে।
 - খ। চাহিদাপত্রে শুধুমাত্র যন্ত্রের বিষয়ে উল্লেখ থাকবে। অর্থের পরিমাণ উল্লেখ করতে হবে না।
 - গ। যে যন্ত্রের জন্য চাহিদা প্রেরণ করা হচ্ছে তা পূর্বেই আছে কিনা, থাকলে কি অবস্থায় আছে ও সেটি মেরামতযোগ্য কিনা তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।
 - ঘ। প্রতিটি প্রতিষ্ঠান অর্থ বছরের শুরুতেই তাদের চাহিদাপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।
 - ঙ। চাহিদা নির্দিষ্ট ছকের মাধ্যমে প্রেরণ করতে হবে।
 - চ। ভারী যন্ত্রপাতি কেন্দ্রীয়ভাবে ক্রয় করা হবে।
 - ছ। যন্ত্রপাতির চাহিদা প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যন্ত্রের প্রয়োজনীয়তা T O & E এর সংস্থান ইত্যাদি জেনে চাহিদা প্রেরণ করবে।
- ২। এমতাবস্থায়, উল্লেখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৩। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ ইতোমধ্যে কোন চাহিদা প্রেরণ করে থাকলে তাসহ পুনরায় নতুন করে আগামী ১৫, জুলাই ২০১৫ এর মধ্যে চাহিদা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(আল মামুন মুরশেদ)
উপ সচিব
ফোনঃ ৯৫৫৬৯৮

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাকে তার নিয়ন্ত্রণাধীন সকল প্রতিষ্ঠানে অফিস আদেশটি পৃষ্ঠাংকন করে প্রেরণের অনুরোধসহ)।
- ২। পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
- ৩। পরিচালক (সকল) মেডিকেল কলেজ হাসপাতাল-----।
- ৪। পরিচালক (সকল) বিশেষায়িত হাসপাতাল-----।
- ৫। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন (সকল) -----।
- ৬। হাসপাতাল-১/২/৩/৪ অধিশাখা/শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

নং ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৫.২০১৫-

তারিখ ১৭-০৬-২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(আল মামুন মুরশেদ)
উপ সচিব